

## হয়রানির শিকার শিক্ষার্থীরা প্রতিরোধে কার্যকর ব্যবস্থা নিন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের নৈরাজ্যে হয়রানির শিকার হচ্ছেন শিক্ষার্থীরা। নৈরাজ্য আর খেয়াল-খুশির সূতিকাগারে পরিণত হতে চলেছে প্রাচ্যের বাতিঘর বলে খ্যাত দেশের প্রাচীন এ বিশ্ববিদ্যালয়, যা খুবই দুঃখজনক।

আমাদের সময় সংবাদসূত্রে জানা গেছে, তৃতীয় শ্রেণির কর্মচারী থেকে শুরু করে শিক্ষক, কর্মকর্তা সবার মধ্যে 'আমিই রাজা' ধরনের মনোভাব পরিলক্ষিত হচ্ছে। দায়িত্ব পালনে অবহেলা যেন এক ধরনের বাহাদুরি হিসেবে গণ্য করা হচ্ছে। প্রশাসনিক ভবনে যে কোনো কাজের ক্ষেত্রে পড়তে হচ্ছে নানা ঝক্কি-ঝামেলায়। শিক্ষার্থীরা হরহামেশাই হয়রানির শিকার হচ্ছেন। অনেক ক্ষেত্রে টাকার বিনিময়ে কাজ সারতে হচ্ছে তাদের। এ চিত্র কেবল প্রশাসনিক ভবনেই নয়, প্রক্টোরিয়াল টিম থেকে শুরু করে নিরাপত্তা রক্ষী সবাই যেন পাল্লা দিয়ে দায়িত্ব ভরহেলা করছেন। অন্যদিকে ক্ষমতাসীন দল সমর্থিত ছাত্রনেতারা ক্যাম্পাসে অলিখিত প্রশাসক বনে গেছেন বরাবরের মতো। এছাড়াও প্রায় প্রতিদিনই তুচ্ছ বিষয়ে চলছে পাল্টাপাল্টি হামলা। সিট দখল আর প্রভাব-প্রতিপত্তি দেখাতে দুর্বৃত্তপনাও আছে। তবে এসব সমস্যা নিয়ে মাথাব্যথা নেই প্রশাসনের। সংবাদে নৈরাজ্যের যে চিত্র উঠে এসেছে তা ভয়াবহ। প্রাচ্যের অক্সফোর্ডখ্যাত এ বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের এমন নৈরাজ্য চলতে দেওয়া যায় না।

স্বনামধন্য এ বিশ্ববিদ্যালয়কে নৈরাজ্যমুক্ত করতে না পারলে আমাদের সব অর্জন ভেঙে যাবে। তাই এ নৈরাজ্য নিরসনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। যেন আগামী প্রজন্ম শিক্ষার সত্যিকার আলোটুকু পায়। নৈরাজ্য সৃষ্টিকারীদের লাগাম টেনে ধরার এখনই সময়।